তারিখ 12 NOV 1988
পৃষ্ঠা ৮ কলাম 3



দৈনিক সংবাদ

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

## সিংগা কে, সি, সি, এম উচ্চ বিদ্যালয়ের সরকারী অনুদান প্রদান করা হোক

গোপালগঞ্জ জেলাধীন কাশিয়ানী উপজেলার অন্তর্গত সিংগা কে, সি,সি, এম, উচ্চ বিদ্যালয় ১৯৪৩ সালে স্থাপিত হয়। প্রতিষ্ঠাকাল থেকে এপর্যন্ত বিদ্যালয়ের ফলাফল অত্যন্ত সন্তোষজনক এবং অত্র এলাকার ঐতিহ্যবাহী বিদ্যালয় হিসেবে সকলের কাছে পরিচিত। অর্থাভাবে বিদ্যালয়টির যথাযথ সময়ে স্বীকৃতি নবায়নে বিলম্বিত হওয়ায় গত ১-৯-৮৭ হতে দীর্ঘ ১০ মাস বিদ্যালয়টির সরকারী অনুদান বন্ধ রাখা হয়েছে। একদিকে গ্রামের বিদ্যালয় অন্যদিকে ছাত্র বেতনের হার ও কম। বন্যা কবলিত দরিদ্র কৃষকের সন্তানরা নিয়মিত সময়ে নির্ধারিত বেতন পরিশোধে অপারগ। শিক্ষাই জাতির মেরুদণ্ড। তাই যে শিক্ষক সমাজ, জাতির মেরুদণ্ড তৈরীর কারিগর হিসেবে পরিগণিত, আজ সেই শিক্ষকদের অবস্থা নুন আনতে পান্তা ফুরানোর মত।

প্রকাশ থাকে যে, পরবর্তীকালে স্বীকৃতি নবায়নের পর গত ৩১-৮-৮৮ তারিখে শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক উক্ত স্থগিত অনুদান প্রদানের আদেশ দেয়া হয়। কিন্তু শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক উক্ত অনুদান ছাড়করণ আদেশ সত্ত্বেও শিক্ষা ভবন থেকে অনুদান প্রদানের ব্যাপারে যথাযথ ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে না।

তাই উক্ত বিদ্যালয়ের সরকারী অনুদান প্রদানের ব্যাপারে শিক্ষা মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্মকর্তাদের আশু দৃষ্টি আকর্ষণ করছি।

নিখিল কুমার কুণ্ডু,
সমাজবিজ্ঞান বিভাগ,
৯, পশ্চিম ভবন জগন্নাথ হল,
ঢাকা বিশ্ববিদ্যালয়।